দৈনিক জনকণ্ঠ

তারিখ ... AUG 1 1 1999 ...
পৃষ্ঠা ২৭ কলাম ৬.....

৫৭

# সা'দত কলেজে ছাত্র হত্যার বিচার দাবি করেছেন কাদের সিদ্দিকী

**টাঙ্গাইল, ১০ আগস্ট (নিজস্ব সংবাদদাতা)** ॥ বীর মুক্তিযোদ্ধা কাদের সিদ্দিকী সা'দত বিশ্ববিদ্যালয় কলেজে পুলিশের গুলিতে ছাত্র হত্যা এবং বর্বর নির্যাতনের বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছেন। মঙ্গলবার সন্ধ্যায় টাঙ্গাইল প্রেসক্লাব সংলগ্ন তাঁর সোনার বাংলা প্রকৌশল সংস্থা লিঃ কার্যালয়ে সাংবাদিকদের একথা জানান।

কাদের সিদ্দিকী বলেন, বেলাল হোসেন পুলিশী তাণ্ডবের সময় পুকুরে গোসল করছিল। পুলিশ তখন তাকে গুলি করে হত্যা করে। একটা স্বাধীন দেশে এ ধরনের ঘৃণ্য ঘটনা আর কোন দিন ঘটেছে বলে আমার জানা নেই। আহত প্রায় ২৫০ ছাত্রকে ক্লিনিক, হাসপাতাল কোথাও চিকিৎসা করতে দেয়া হয়নি। যেখানেই আহতরা চিকিৎসার জন্য গেছে সেখানেই পুলিশ তাদের গ্রেফতার করার জন্য ধাওয়া করেছে। একজন এডিসির ক্ষমতার বাড়াবাড়ির কারণেই সোমবার সা'দত কলেজে ইতিহাসের সবচেয়ে ঘৃণ্য এ ঘটনা ঘটেছে। আমি এবং করটিয়া এলাকাবাসী এ ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবি এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি। দেশের স্বাধীনতা যুদ্ধে সা'দত বিশ্ববিদ্যালয় কলেজের শতকরা ৮০ জন ছাত্র মুক্তিযুদ্ধে গিয়েছিল। এই কলেজের অতীত ঐতিহ্য রয়েছে। তাই কলেজের ছাত্ররা নকলের দাবিতে কোন কিছু করেনি। এ ঘটনার দায়দায়িত্ব সরকারকেই বহন করতে হবে। তিনি স্বরাষ্ট্রমন্ত্রীকে বলেন, তাঁর পুলিশ বাহিনীকে সভ্য হওয়ার জন্য প্রশিক্ষণ দেয়া দরকার। একটা গণতান্ত্রিক দেশে একজন নাগরিকের যে কত সম্মান তা তারা জানে না।

এদিকে, সন্ধ্যায় জেলা ছাত্রদল শহরে মিছিল এবং জেলা বিএনপি কার্যালয়ের সামনে প্রতিবাদ সমাবেশ করে। পরে সাংবাদিকদের এক প্রেস বিজ্ঞপ্তি দিয়ে জানায় নিহত বেলাল ছাত্রদলের কর্মী ছিল।